



বাংলাদেশ নির্বাচন কমিশন  
উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়  
চৌগাছা, যশোর  
[www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd)

**বিজ্ঞপ্তি**

নির্বাচন কমিশন সচিবালয়ের ২৯ জুলাই ২০২৫ খ্রিঃ তারিখের ১৭.০০.০০০০.০২৬.৩২.০০১.২৫ (অংশ)-২০৬ নং স্মারকের আলোকে আমি এস.এম.এম. রোমেল, উপজেলা নির্বাচন অফিসার, চৌগাছা, যশোর ও রেজিস্ট্রেশন অফিসার এতদ্বারা যশোর জেলার চৌগাছা উপজেলার ১১ টি ইউনিয়ন ও চৌগাছা পৌরসভার ০১ হতে ০৯ নং ওয়ার্ডের সকল ভোটার এলাকাসমূহের ২০২৫ সনের হালনাগাদকৃত সম্পূরক ভোটার তালিকা এবং কর্তনযোগ্য মৃত ভোটারদের তালিকা জনসাধারণের অবগতির জন্য প্রকাশ করছি।


০২। উক্ত সম্পূরক ভোটার তালিকা প্রকাশের পর যোগ্য ব্যক্তির নাম অন্তর্ভুক্তি, মৃতজনিত বা অন্তর্ভুক্তি হওয়ার অযোগ্য ব্যক্তির নাম কর্তন, ভোটার স্থানান্তর এবং ইহাতে কোন অন্তর্ভুক্তি সংশোধন বা ত্রুটি-বিচ্যুতি দূর করার জন্য দরখাস্ত নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী আমার কার্যালয়ে (উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, চৌগাছা, যশোর) ব্যক্তিগতভাবে দাখিল করতে হবে।

ক্রমিক	বিবরণ	সময়সূচী
০১.	৩০ জুন ২০২৫ তারিখ পর্যন্ত ভোটার ডাটাবেইজে অন্তর্ভুক্ত ০১/০১/২০০৭ তারিখ বা তার পূর্বে যাদের জন্ম এমন নিবন্ধিত ভোটারদের সম্পূরক ভোটার তালিকা এবং কর্তনযোগ্য মৃত ভোটারদের তালিকা প্রকাশ	১০ আগস্ট ২০২৫ খ্রিঃ (রবিবার)
০২.	সম্পূরক ভোটার তালিকা প্রকাশের পর কোন অন্তর্ভুক্তি সংশোধন বা ত্রুটি-বিচ্যুতি দূর করার জন্য দরখাস্ত দাখিলের শেষ তারিখ	২১ আগস্ট ২০২৫ খ্রিঃ (বৃহস্পতিবার)
০৩.	দাখিলকৃত দরখাস্তসমূহ সংশ্লিষ্ট উপজেলা/থানা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার কর্তৃক নিষ্পত্তির শেষ তারিখ	২৪ আগস্ট ২০২৫ খ্রিঃ (রবিবার)
০৪.	সংশোধনের জন্য দাখিলকৃত দরখাস্তের উপর গৃহীত সিদ্ধান্ত সন্নিবেশনের শেষ তারিখ	২৬ আগস্ট ২০২৫ খ্রিঃ (মঙ্গলবার)
০৫.	সম্পূরক তালিকাসহ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ (০১/০১/২০০৭ বা তাহার পূর্বে যাদের জন্ম তাদের)	৩১ আগস্ট ২০২৫ খ্রিঃ (রবিবার)

অফিস সময়ে আমার কার্যালয়ে অথবা সংশ্লিষ্ট পৌরসভা/ইউনিয়ন পরিষদ কার্যালয়ে হালনাগাদকৃত সম্পূরক ভোটার তালিকা এবং কর্তনযোগ্য মৃত ভোটারদের তালিকা দেখা যাবে।

স্থানঃ উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়  
চৌগাছা, যশোর।

প্রাপক,  
প্রশাসক/চেয়ারম্যান  
..... পৌরসভা/ইউনিয়ন পরিষদ।  
চৌগাছা, যশোর।

  
10.08.25


(এস.এম.এম. রোমেল)  
উপজেলা নির্বাচন অফিসার  
চৌগাছা, যশোর।  
ও  
রেজিস্ট্রেশন অফিসার

স্মারক নং- ১৭.০৫.৪১১১.০০০.৩২.০০১.২৫-১৬৭

তারিখঃ ১০ আগস্ট ২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৩। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, যশোর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, চৌগাছা, যশোর।
- ৫। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, চৌগাছা, যশোর।
- ৬। অফিস নথি।

  
10.08.25

উপজেলা নির্বাচন অফিসার  
চৌগাছা, যশোর।